

চিরদিবস নব মাধুরী, নব শোভা তব বিশ্বে—  
নব কুসুমপল্লব, নব গীত, নব আনন্দ ॥  
নব জ্যোতি বিভাসিত, নব প্রাণ বিকাশিত  
নবপ্রীতিপ্রবাহহিল্লোলে ॥  
চারি দিকে চিরদিন নবীন লাবণ্য,  
তব প্রেমনয়নছটা ।  
হৃদয়স্বামী, তুমি চিরপ্রবীণ,  
তুমি চিরনবীন, চিরমঙ্গল, চিরসুন্দর ॥

---

Parjaay: Puja, Taal: Choutaal, Raag: Notmalhar  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail